# বড় শির্ক ও ছোট শির্ক

বিভাগ/অধ্যায়ঃ খ. অপ্রকাশ্য শিরক

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ২. কারোর সন্তুষ্টি কামনার শির্ক

কারোর সন্তুষ্টি কামনার শির্ক বলতে কোন নেক আমল একমাত্র আল্লাহ্ তা'আলার সন্তুষ্টির জন্য না করে অন্য কারোর সন্তুষ্টির জন্য করাকে বুঝানো হয়। যে কোন নেক আমল একমাত্র আল্লাহ্ তা'আলার সন্তুষ্টির জন্যই করতে হয়। অন্য কারোর জন্যে নয়। সুতরাং কোন নেক আমল একমাত্র আল্লাহ্ তা'আলার সন্তুষ্টি ছাড়া অন্য কারোর সন্তুষ্টির জন্য করা হলে তা হবে মারাত্মক শির্ক।

কোর'আন মাজীদে একমাত্র আল্লাহ্ তা'আলার সন্তুষ্টি কামনাকারীদেরকেই সফলকাম বলা হয়েছে। অন্য কাউকে নয়।

আল্লাহ্ তা'আলা বলেন:

فَاٰتِ ذَا الْقُرْبٰى حَقَّهُ وَالْمِسْكِيْنَ وَابْنَ السَّبِيْلَ ذَلِكَ خَيْرٌ لِلَّذِيْنَ يُرِيْدُوْنَ وَجْـهَ اللهِ، وَأُوْلآئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ

''অতএব আত্মীয়-স্বজন, অভাবগ্রস্ত ও মুসাফিরকে তাদের প্রাপ্য দিয়ে দাও। এ কাজটি সর্বোত্তম ওদের জন্যে যারা একমাত্র আল্লাহ্ তা'আলার সন্তুষ্টি কামনা করে এবং ওরাই সত্যিকার সফলকাম''। (রূম : ৩৮)

আল্লাহ্ তা'আলা সাহাবাদের বৈশিষ্ট্য বর্ণনা করতে গিয়ে বলেন:

يَبْتَغُوْنَ فَضْلًا مِّنَ اللهِ وَ رِضْوَانًا

''তারা একমাত্র আল্লাহ্ তা'আলার সন্তুষ্টি ও অনুগ্রহ কামনা করে''। (ফাৎহ : ২৯)

যে ব্যক্তি একমাত্র আল্লাহ্ তা'আলার সন্তুষ্টির জন্য দান-সাদাকা করে থাকে আল্লাহ্ তা'আলা তাকে কোর'আন মাজীদের মধ্যে জাহান্নাম থেকে মুক্তিপ্রাপ্ত ব্যক্তিদের অন্যতম বলে আখ্যায়িত করেছেন।

আল্লাহ্ তা'আলা বলেন:

وَسَيُجَنَّبُهَا الْأَتْقَى، الَّذِيْ يُؤْتِيْ مَالَهُ يَتَزَكَّى، وَمَا لِأَحَدٍ عِنْدَهُ مِنْ نِّعْمَةٍ تُجْزَى، إِلاَّ ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِ الْأَعْلَى، وَلَسَوْفَ يَرْضَى

''তবে পরম মুত্তাকী ব্যক্তিকে জাহান্নাম থেকে মুক্তি দেয়া হবে। যিনি স্বীয় সম্পদ দান করে আরো কল্যাণ প্রাপ্তি তথা তা বৃদ্ধির আশায়। তার প্রতি কারোর অনুগ্রহের প্রতিদান হিসেবে নয়। শুধুমাত্র তার মহান প্রভুর একান্ত সন্তুষ্টি লাভের আশায়। সে জান্নাত পেয়ে অচিরেই সন্তুষ্ট হবে''। (লাইল : ১৭-২১)

'আয়েশা (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: আমি রাসূল (সা.) কে বলতে শুনেছি:

مَنِ الْتَمَسَ رِضَا اللهِ بِسَخَطِ النَّاسِ كَفَاهُ اللهُ مُؤْنَةَ النَّاسِ وَمَنِ الْتَمَسَ رِضَا النَّاسِ بِسَخَطِ اللهِ وَكَلَهُ اللهُ إِلَى النَّاسِ

“যে ব্যক্তি মানুষকে অসন্তুষ্ট করে একমাত্র আল্লাহ্ তা’আলার সন্তুষ্টি কামনা করে মানুষের ব্যাপারে তার জন্য একমাত্র আল্লাহ্ই যথেষ্ট। আর যে ব্যক্তি আল্লাহ্ তা’আলাকে অসন্তুষ্ট করে একমাত্র মানুষের সন্তুষ্টি কামনা করে আল্লাহ্ তা’আলা তাকে মানুষের হাতে ছেড়ে দেন। তিনি তার কোন ধরনের সহযোগিতা করেন না”। (তিরমিযী, হাদীস ২৪১৪)

আবু উমামা বাহিলী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِنَّ اللهَ لاَ يَقْبَلُ مِنَ الْعَمَلِ إِلاَّ مَا كَانَ لَهُ خَالِصًا، وَابْتُغِيَ بِهِ وَجْهُهُ

“নিশ্চয়ই আল্লাহ্ তা’আলা এমন আমলই গ্রহণ করে থাকেন যা হবে একেবারেই নিষ্কলুষ এবং যার মাধ্যমে শুধুমাত্র তাঁরই সন্তুষ্টি কামনা করা হয়”। (নাসায়ী, হাদীস ৩১৪০ বায়হাক্বী, হাদীস ৪৩৪৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11666

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন